

চতুর্থ অধ্যায়ঃ শ্রামণ্য শীল

► যোগ্যতাভিত্তিক কাঠামোবন্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ক. দশশীল বলতে কী বোঝায়? কোন ব্যক্তি শ্রেষ্ঠ? একজন শীলবান ব্যক্তি হিসেবে তুমি কী করবে? তিনটি বাক্যে লেখ। [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তরঃ দশশীল বলতে প্রব্রজ্যা বা শ্রামণ্য শীলকে বোঝায়। শীলবান ব্যক্তি বা সৎ ও চরিত্রবান ব্যক্তিই শ্রেষ্ঠ।

একজন শীলবান ব্যক্তি হিসেবে আমি—

১. প্রাণিহত্যা, মিথ্যা ভাষণ, নেশা জাতীয় দ্রব্য সেবন থেকে বিরত থাকবো।

২. সর্বজীবে দয়া করবো এবং আত্মসংযমী হবো।

৩. অন্যের দৃঢ়থে সহমর্মিতা প্রকাশ ও সাধ্যমতো উপকার করবো।

প্রশ্ন-খ. তুমি ভিক্ষু হতে চাও, এর প্রাথমিক স্তর কোনটি? এ স্তরের নিত্যপালনীয় শীল কোনটি? এই স্তর সম্পর্কে তিনটি বাক্য লেখ। $1+1+3 = 5$

উত্তরঃ ভিক্ষু হবার প্রাথমিক স্তর শ্রামণ।

এই স্তরের অর্থাৎ শ্রামণদের নিত্যপালনীয় শীল দশশীল।

গৃহীদের মধ্যে যারা প্রব্রজ্যা ধর্মে দীক্ষা নেন তাঁদের শ্রামণ বলা হয়। শ্রামণ হচ্ছে গৃহী ও ভিক্ষুর মধ্যবর্তী স্তর। ভিক্ষু হতে হলে প্রথমে শ্রামণ হতে হয়।

প্রশ্ন-গ. এমন একটি সময় আছে যখন নতজানু হয়ে হাত জোড় করে বসতে হয়। কখন নতজানু হয়ে হাত জোড় করে বসতে হয়? উক্ত কাজের পর প্রথমে কী করতে হয়? দশশীল থেকে তিনটি শীলের বাংলা অনুবাদ লেখ। $1+1+3 = 5$

উত্তরঃ দশশীল গ্রহণ করার সময় নতজানু হয়ে হাত জোড় করে বসতে হয়।

উক্ত কাজের পর ত্রিপুরার বন্দনা করতে হয়।

তিনটি শীল হলো— ১. প্রাণিহত্যা থেকে বিরত থাকব, ২. চুরি থেকে বিরত থাকব ও ৩. মিথ্যা কথা বলা থেকে বিরত থাকব- এ শিক্ষাপদ গ্রহণ করছি।

► সাধারণ কাঠামোবন্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ঘ. গৃহী শীল ও শ্রামণ্য শীলের মধ্যে পার্থক্য নির্ণয় কর।

উত্তরঃ গৃহী বা উপাসক-উপাসিকারা যে শীল পালন করে তাকে গৃহী শীল বা পঞ্চশীল বলে। গৃহীরা পূর্ণিমা, অমাবস্যা ও অষ্টমী তিথিতে অষ্টশীলও পালন করেন। সুতরাং পঞ্চশীল ও অষ্টশীল গৃহীদের প্রতিপাল্য বিষয়।

গৃহীদের মধ্যে যারা প্রব্রজ্যা ধর্মে দীক্ষা নেন তাঁদের শ্রামণ বলা হয়। শ্রামণ হচ্ছে গৃহী ও ভিক্ষুর মধ্যবর্তী স্তর। ভিক্ষু হতে হলে প্রথমে শ্রামণ হতে হয়। শ্রামণদের দশশীল পালন করতে হয়। এদেরকে বিহারের প্রাত্যহিক কর্মও সম্পন্ন করতে হয়। সকাল-বিকাল ভিক্ষুর নিকট দশশীল গ্রহণ করতে হয়।

প্রশ্ন-ঙ. দশশীল গ্রহণের সময় কীভাবে বসতে হয়? এ শীল গ্রহণের প্রার্থনা গাথাটি বাংলায় অনুবাদ লেখ। $1+8 = 5$

উত্তরঃ দশশীল গ্রহণ করার সময় নতজানু হয়ে হাতজোড় করে বসতে হয়।

নিচে দশশীল প্রার্থনা গাথাটি বাংলায় দেওয়া হলো—

ভন্তে, অবকাশ প্রদান করুন। আমি ত্রিশরণসহ শ্রামণের দশশীল প্রার্থনা করছি।

অনুগ্রহ করে আমাকে শীল প্রদান করুন।

দ্বিতীয়বারও ভন্তে, আমি ত্রিশরণসহ শ্রামণের দশশীল প্রার্থনা করছি। অনুগ্রহ করে আমাকে শীল প্রদান করুন।

প্রশ্ন-চ. শীল পালনের পাঁচটি সুফল উল্লেখ কর। [প্রা.শি.স.প. ২০১৪] 5

উত্তরঃ শীল পালনের পাঁচটি সুফল নিচে উল্লেখ করা হলো—

১. শীলবানদের শীল পালনের সুকীর্তি সর্বত্র ছড়িয়ে পড়ে।

২. শীল পালনের দ্বারা সৎপুরুষ হিসেবে নিজেকে গড়ে তোলা যায়।

৩. শীলবান ব্যক্তিরা সর্বদা নির্ভয় থাকে। নিঃসংজ্ঞেকচে ও প্রফুল্লচিত্তে যথা তথায় উপস্থিত হন।

৪. শীলবানেরা সজ্ঞানে মৃত্যুবরণ করেন।

৫. তাঁরা মৃত্যুর পর স্বর্গলোকে গমন করেন।